
## Look at the pictures and make sentences :



This is ___________ ___________ .



This ___________________ ___________ ___________ .



___________ ___________
___________ ___________

# ফাঁকা ঘর ঠিকমতো ভরতি করি

| | | | |
|---|---|---|---|
| ৭৯ | +১ | ৮০ | আশি<br>০ + ৮০ |
| ৮০ | +১ | ৮১ | একাশি<br>১ + ৮০ |
| ৮১ | +১ | | বিরাশি<br>২ + |
| | +১ | ৮৩ | তিরাশি<br>+ |







**শিখন পরামর্শ :** ৮১ থেকে ৯৯ পর্যন্ত স্থানীয় মান বিস্তার করে লেখা, স্থানীয় মান অনুসারে কথায় লেখা, অঙ্কে লেখা ও কথায় লেখার ধারণা। স্থানীয় মান ও প্রকৃত মানের ধারণা।

# ফাঁকা ঘর ঠিকমতো ভরতি করি

| | | | |
|---|---|---|---|
| | +১ | ৮৪ | চুরাশি<br>( ) + ( ) |
| ৮৪ | +১ | | পঁচাশি<br>( ৫ ) + ( ) |
| ৮৫ | +১ | | ছিয়াশি<br>( ) + ( ) |
| | +১ | | সাতাশি<br>( ) + ( ) |

# ফাঁকা ঘর ঠিকমতো ভরতি করি

| | | | |
|---|---|---|---|
| | +১ | ৮৮ | অষ্টআশি   |
| ৮৮ | +১ | | উননব্বই   |
| ৮৯ | +১ | ৯০ | নব্বই   |
| ৯০ | +০ | ৯০ | নব্বই   |

# ফাঁকা ঘর ঠিকমতো ভরতি করি

| | | | |
|---|---|---|---|
| ৯০ | +১ | | একানব্বই<br>+ |
| ৯১ | +১ | | বিরানব্বই<br>২ + ৯০ |
| | +১ | ৯৩ | তিরানব্বই<br>৩ + |
| | +১ | ৯৪ | চুরানব্বই<br>+ |

# ফাঁকা ঘর ঠিকমতো ভরতি করি


| | | | |
|---|---|---|---|
| ৯৪ | +১ | | পঁচানব্বই<br>+ |
| ৯৫ | +১ | | ছিয়ানব্বই<br>+ |
| | +১ | ৯৭ | সাতানব্বই<br>৭ + |
| ৯৭ | +১ | | আটানব্বই<br>+ |

## ফাঁকা ঘর ঠিকমতো ভরতি করি

| | | | |
|---|---|---|---|
| ৯৮ | +১ | | নিরানব্বই<br>+ |
| ৯৯ | +১ | ১০০ | একশো |



## ফাঁকা ঘর ভরতি করি :



| উন | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ত্রিশ | চল্লিশ | পঞ্চাশ | ষাট | সত্তর | আশি | নব্বই |
| | | | ৫৯ | | | |

## ফাঁকা ঘর ভরতি করি :

| সংখ্যা | দশকের ঘরের প্রকৃত মান | এককের ঘরের প্রকৃত মান | দশকের ঘরের স্থানীয়মান | এককের ঘরের স্থানীয়মান | কথায় লিখি |
|---|---|---|---|---|---|
| ২৬ | ২ | ৬ | ২০ | ৬ | ছাব্বিশ |
| | ৩ | ৯ | | | |
| | | | ৩০ | ৮ | |

## ফাঁকা ঘর ভরতি করি :


| সংখ্যা | দশকের ঘরের প্রকৃত মান | এককের ঘরের প্রকৃত মান | দশকের ঘরের স্থানীয়মান | এককের ঘরের স্থানীয়মান | কথায় লিখি |
|---|---|---|---|---|---|
| | | | | | উনিশ |
| ৫০ | | | | | |
| | ৬ | ৫ | | | |
| | | | | | পঁচাত্তর |
| | | | ৮০ | ৮ | |
| | ৯ | ৫ | | | |
| ৯৯ | | | | | |

## মোট ফল দেখি :



সোহমকে ওর কাকু ১৮ টি কলা গাছ থেকে পেড়ে দিল। মা দিল ৮টি।

| | | |
|---|---|---|
| কাকু দিল | ১ ৮ | টি |
| মা দিল | + ৮ | টি |
| | ☐ | টি |





তাই এখন সোহমের কাছে ২৬ টি কলা আছে।

**শিখন পরামর্শ :** প্রথমে কার্ডের সাহায্যে ও পরে কার্ড ছাড়া হাতে রাখা যোগের ধারণা।


**কিন্তু সোহম তার দিদির কাছ থেকে আরও ৪টি কলা নিল।**

| | | |
|---|---|---|
| আগে সোহমের কাছে কলা ছিল | ২ ৬ | টি |
| দিদির কাছ থেকে নিল | + ৪ | টি |
| | ৩ ০ | টি |




এখন সোহমের কাছে মোট ৩ ০ টি কলা রইল।

১




১

| | দশক | একক |
|---|---|---|
| | ২ | ৫ |
| + | ১ | ৬ |
| | ৪ | ১ |

২

দশক

একক

| | দশক | একক |
|---|---|---|
| | ৩ | ২ |
| + | ৩ | ৯ |
| | | |

১

| | দ | এ |
|---|---|---|
| | ৫ | ৯ |
| + | ২ | ৩ |
| | ৮ | ২ |

| | দ | এ |
|---|---|---|
| | ৪ | ৭ |
| + | ৩ | ৮ |
| | | |

| | দ | এ |
|---|---|---|
| | ৬ | ৯ |
| + | ১ | ৭ |
| | | |

| | দ | এ |
|---|---|---|
| | ২ | ৭ |
| + | ৪ | ৪ |
| | | |



# আগুনের পরশমণি

আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে।
এ জীবন পুণ্য করো দহন-দানে।।
আমার এই দেহখানি তুলে ধরো,
তোমার ওই দেবালয়ের প্রদীপ করো—
নিশিদিন আলোক-শিখা জ্বলুক গানে।।

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা শিক্ষিকা/শিক্ষকের সহায়তায় স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে, ঠিক সুরে গানটি গাইবে।

আঁধারের গায়ে গায়ে পরশ তব
সারা রাত ফোটাক তারা নব নব।
নয়নের দৃষ্টি হতে ঘুচবে কালো,
যেখানে পড়বে সেথায় দেখবে আলো—
ব্যথা মোর উঠবে জ্বলে ঊর্ধ্ব-পানে।।

রবীন্দ্রনাথ ঠাকুর




# মেলা থেকে কেনা আমার প্রিয় জিনিসগুলির ছবি আঁকি



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের কাজটি করবে।


# See and say :



brinjal



cabbage



potato



tomato



chilli



onion

**Learning tips :** Students will read the names of different vegetables.

## See the pictures. Fill in the gaps :




I can see a ______________ ______________________ .



I can see an ______________ ______________________ .



I can see a ______________ ______________________.



I can see a ______________ ______________________.



I can see a ______________ ________ .



I can see a ______________ ________ .

 **Learning tips :** Students will do the activities.

## Match vegetables with their colours :

| vegetables | colours |
|---|---|
| 1) potato | a) green |
| 2) chilli | b) violet |
| 3) cabbage | c) red |
| 4) brinjal | d) brown |

## নিজে করি

গ্রামের উৎসবে একটি রাস্তায় আলো লাগানো হয়েছে ৩৮ টি। অন্য একটি রাস্তায় আলো লাগানো হয়েছে ৪৫ টি। দুটি রাস্তা মিলিয়ে মোট কতগুলি আলো লাগানো হয়েছে হিসাব করি।

| | দ | এ | |
|---|---|---|---|
| একটি রাস্তায় আলো লাগানো হয়েছে | ৩ | ৮ | টি। |
| অন্য রাস্তায় আলো লাগানো হয়েছে+ | ৪ | ৫ | টি। |
| মোট আলো লাগানো হয়েছে | | | টি। |

ঘুড়ি ওড়ানোর উৎসব হচ্ছে। সকালে আকাশে বড়ো ঘুড়ি উড়েছে ৬৮ টি। বিকেলে আকাশে ছোটো ঘুড়ি উড়েছে ১৪ টি। সকাল ও বিকেল মিলিয়ে মোট কটা ঘুড়ি উড়েছে হিসাব করি।

মেলায় গতকাল ২৭ টি ঝুড়ি বিক্রি হয়েছে। আজ ৪৬ টি ঝুড়ি বিক্রি হয়েছে। দু-দিনে মোট কটি ঝুড়ি বিক্রি হয়েছে হিসাব করে দেখি।

 **শিখন পরামর্শ :** গল্পের সাহায্যে যোগ অঙ্কের ধারণা এবং যোগ অঙ্ক থেকে গল্প লেখার ধারণা।

একটি গাড়ি করে ৪২ জন লোক বেড়াতে যাচ্ছিল। পরে আরও ৮ জন লোক ওই গাড়িতে উঠল। এখন ওই গাড়িতে মোট কতজন লোক হলো হিসাব করে দেখি।

## নিজে গল্প লিখি :


| | | দ | এ | |
|---|---|---|---|---|
| রাজিয়া চারাগাছ লাগিয়েছে | | ২ | ৮ | টি। |
| সহেলি চারাগাছ লাগিয়েছে | + | ২ | ৯ | টি। |
| মোট চারাগাছ লাগানো হয়েছে | | | | টি। |


## নিজে গল্প লিখি :


| | | দ | এ | |
|---|---|---|---|---|
| পূজা মালা গেঁথেছে | | ৩ | ৮ | টি। |
| সাবিনা মালা গেঁথেছে | + | ৩ | ৫ | টি। |
| মোট মালা গাঁথা হয়েছে | | | | টি। |

# কমিয়ে দিই

উৎসবে ভরা শরৎকাল। রহমতচাচা ৩৪টি ফুল ঝুড়িতে রেখেছেন। আমি ২টি ফুল ঝুড়ি থেকে নিয়ে নিলাম। হিসাব করে দেখি কতগুলো ফুল ঝুড়িতে পড়ে রইল।



থেকে  নিলাম



 **শিখন পরামর্শ :** দুই অঙ্কের সংখ্যা থেকে হাতে না রেখে এক অঙ্কের সংখ্যার বিয়োগের ধারণা।

৩৪ টি ফুল - ২ টি ফুল = ৩২ টি ফুল




অন্যভাবে দেখি


| দ | এ | |
|---|---|---|
| ৩ | ৪ | |
| - | ২ | |
| ৩ | ২ | টি ফুল থাকল |

## হাতেকলমে যাচাই করে দেখি—

৩৪ →



৩৪ - ২ →



→ ৩২

**দুই অঙ্কের সংখ্যা থেকে এক অঙ্কের সংখ্যা বিয়োগের সময় প্রথম সংখ্যার এককের অঙ্কের নীচে দ্বিতীয় সংখ্যার একক অঙ্ক বসবে।**


## ফাঁকা ঘর ভরতি করি :






একটি নৌকা করে ২৮ জন যাচ্ছিল। উৎসবে যোগ দিতে ৭ জন বাগবাজার ঘাটে নেমে গেল। এখন নৌকায় কতজন বসে আছে দেখি।

| দ | এ |
|---|---|
| ২ | ৮ |
| — | ৭ |
| | |



একটি গাছে ৩৫ টি আম ছিল। উৎসবের দিনে মামা বাড়িতে এসেছেন। তার খাওয়ার জন্য ৪ টি আম পাড়া হয়েছে। গাছে আর কটি আম আছে হিসাব করি।

| দ | এ |
|---|---|
| ৩ | ৫ |
| — | ৪ |
| | |



বাবা বাজার থেকে ১২টি কলা কিনে আনলেন। আমি সেখান থেকে ২টি কলা খেলাম। এখন কটি কলা আছে হিসাব করে দেখি।

| দ | এ |
|---|---|
| ১ | ২ |
| — | ২ |
| | |

## ফাঁকা ঘর ভরতি করি :

| দ | এ |
| --- | --- |
| ১ | ৮ |
| — | ৭ |
| | |

| দ | এ |
| --- | --- |
| ২ | ৫ |
| — | ৪ |
| | |

| দ | এ |
| --- | --- |
| ৩ | ৮ |
| — | ৬ |
| | |

| দ | এ |
|---|---|
| ২ | ৪ |
| — | ৪ |
| | |

| দ | এ |
|---|---|
| ৪ | ৯ |
| — | ৮ |
| | |

| দ | এ |
|---|---|
| ৫ | ৬ |
| — | ৫ |
| | |

| দ | এ |
|---|---|
| ৬ | ৭ |
| — | ৬ |
| | |

| দ | এ |
|---|---|
| ৭ | ৭ |
| — | ৭ |
| | |

| দ | এ |
|---|---|
| ৮ | ৯ |
| — | ৮ |
| | |

| দ | এ |
|---|---|
| ৯ | ৭ |
| — | ৫ |
| | |

# অন্যখানে

সুখলতা রাও



হাটে গোলমাল বেচে কেনে মাল
কত লোকজন কত মন মন
চাল ডাল নুন, ঢেড়স বেগুন,
তরকারি শিম, মাছ আলু ডিম,
ধামা ভরা আম, পেঁপে কলা জাম,
হাঁড়ি হাঁড়ি খাসা গুড়ের বাতাসা।
ওই কার ছেলে ইস্কুল ফেলে
পড়ার বেলায় পায়রা ওড়ায়।

**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা কবিতাটি পড়বে ও **'হাতেকলমে'**র কাজগুলি করবে।

**শব্দার্থ :** গোলমাল— হৈচৈ। খাসা— চমৎকার। বেচে— বিক্রি করে। মন— ওজনের পরিমাপক। ধামা— বেতের তৈরি বড়ো পাত্র।


## হাতেকলমে

**১. পাঠ্য কবিতা অনুসারে নীচের তালিকাটি পূরণ করি :**

**যে যে জিনিস হাটে বিক্রি হচ্ছে —**

| | |
|---|---|
| সবজির নাম | |
| ফলের নাম | |
| মুদিখানায় পাওয়া যায় এমন জিনিস | |
| এছাড়াও অন্যান্য জিনিস | |


# See the pictures. Fill in the boxes correctly :




**Learning tips :** Students will fill in the crossword puzzle.

## Listen and say :





**Tomatoes are red, beans are green**

**A brinjal has a crown, just like a queen.**

**Potatoes are brown, onions are pink,**

**Carrots have juice which I can drink.**

**Vegetables make me healthy and wise,**

**I'll eat some daily with milk and rice.**





**Draw pictures of four vegetables. Colour them and write their names .**



**Learning tips :** Teacher will encourage the students to participate in the rhyme. Then students will do the other activities.

# মেলায় ঝুড়ি বিক্রি



শীতকাল। শান্তিনিকেতনে পৌষমেলা বসেছে। হাসানচাচা ২৩টি বেতের ঝুড়ি নিয়ে মেলায় বিক্রি করছে। ৭টি ঝুড়ি বিক্রি হলো। কটি ঝুড়ি থাকল তা রঙিন কার্ড দিয়ে হিসাব করি।

হাসানচাচার কাছে ,

| | দ | এ | |
|---|---|---|---|
| প্রথমে ঝুড়ি ছিল | ২ | ৩ | টি |
| ঝুড়ি বিক্রি হলো | - | ৭ | টি |
| | ১ | ৬ | টি |

**শিখন পরামর্শ :** কার্ডের সাহায্যে হাতে রাখা বিয়োগের ধারণা।

১০: ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১

২ ৩ টি   ১০   ১০   ১ ১ ১

৭ টি   ১ ১ ১ ১ ১ ১ ১

২ ৩ টি → ১০   ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১

\- ৭ টি → ১ ১ ১ ১ ১ ১ ১

১৬ টি ← ১০   ১ ১ ১ ১ ১ ১

হাসানচাচার কাছে আরও ১৬ টি ঝুড়ি থাকল।

**কাঠি দিয়ে যাচাই করি :**

| | দ | এ | |
|---|---|---|---|
| | ২ | ১৩ | |
| | ~~২~~ | ~~৩~~ | → (১০ কাঠির আঁটি) (১০ কাঠির আঁটি) ||| |
| − | | ৭ | → ||||||| |
| | ১ | ৬ | ← (১০ কাঠির আঁটি) |||||| |





# মেলায় ছবি বিক্রি



এই মেলায় এক চিত্রশিল্পী বিক্রির জন্য ২১টি ছবি এঁকে এনেছেন । তিনি মেলার প্রথম দু-দিনে ৭টি ছবি বিক্রি করলেন। তাঁর কাছে আর কটি ছবি থাকল তা রঙিন কার্ড নিয়ে হিসাব করি।


| | দ | এ | |
|---|---|---|---|
| ছবি ছিল | ২ | ১ | টি |
| বিক্রি হয়েছে | - | ৭ | টি |
| আরও ছবি থাকল | | | |





| ১ | ১১ |
|---|---|
| দ | এ |
| ~~২~~ | ~~১~~ |
| - | ৭ |
|  |  |

## রঙিন কার্ড নিয়ে বিয়োগ করি :









দ এ

৩ ৪

- ৫




| দ | এ |
|---|---|
| ৩ | ৩ |
| – | ৬ |



**শিখন পরামর্শ :** কার্ডের সাহায্যে হাতে রাখা বিয়োগের ধারণা।

# বিয়োগ করি



(১)

| | দ | এ |
|---|---|---|
| | ৫ | |
| | ~~৬~~ | ~~২~~ |
| — | ৪ | ৬ |

(২)

| | দ | এ |
|---|---|---|
| | ৭ | ৪ |
| — | ১ | ৯ |

(৩)

| | দ | এ |
|---|---|---|
| | ৪ | ১ |
| — | ১ | ৮ |

(৪)

| | দ | এ |
|---|---|---|
| | ৮ | ০ |
| — | ৩ | ৫ |

# বিয়োগ করি



(৫)
| | দ | এ |
|---|---|---|
| | ৬ | ৩ |
| — | ২ | ৫ |

(৬)
| | দ | এ |
|---|---|---|
| | ৮ | ২ |
| — | ৬ | ৭ |

(৭)
| | দ | এ |
|---|---|---|
| | ৪ | ১ |
| — | ১ | ৮ |

(৮)
| | দ | এ |
|---|---|---|
| | ৮ | ০ |
| — | ৩ | ৫ |

# বিয়োগ করি



| | দ | এ |
|---|---|---|
| (৯) | ৭ | ৩ |
| — | ৫ | ৮ |

| | দ | এ |
|---|---|---|
| (১০) | ৯ | ০ |
| — | ২ | ৫ |

| | দ | এ |
|---|---|---|
| (১১) | ৯ | ২ |
| — | ৬ | ৮ |

| | দ | এ |
|---|---|---|
| (১২) | ৭ | ৩ |
| — | ৩ | ৮ |

# বিয়োগ করি



(১৩)

| | দ | এ |
|---|---|---|
| | ৯ | ০ |
| — | ৮ | ৮ |

(১৪)

| | দ | এ |
|---|---|---|
| | ৭ | ০ |
| — | ৬ | ৮ |

(১৫)

| | দ | এ |
|---|---|---|
| | ৪ | ২ |
| — | ২ | ৮ |

(১৬)

| | দ | এ |
|---|---|---|
| | ৩ | ৭ |
| — | ২ | ৯ |



# উচিত শিক্ষা

এক বনের ধারে একটা বড়ো জাম গাছ ছিল। সেটি ছিল এক চড়াই পাখির খুব পছন্দের গাছ। বেশ নিরিবিলিতে বাস করা যাবে দেখে চড়াই তার ডালে বাসা বেঁধে ডিম পেড়েছিল। যথাসময়ে তার ডিম ফুটে

**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপকথাটি পড়বে।

চারটি বাচ্চা বেরোল। এখনও তাদের চোখ ফোটেনি। চড়াই খুঁজে-পেতে তাদের জন্য পোকাটা, ফড়িংটা ধরে এনে খাওয়ায়। দেখতে দেখতে তাদের চোখ ফোটে। খিদে পেলে কিচমিচ করে ওঠে। মায়ের মন খুশিতে ভরে যায়, সে আরও বেশি করে বাচ্চাদের জন্য খাবার খুঁজে আনে।

এই ভাবেই বেশ দিন কাটছিল। হঠাৎ একদিন একটা বিশাল হাতি হেলে দুলে এসে দাঁড়ায় সেই জাম গাছটার গোড়ায়। অনেকক্ষণ ধরে তার পিঠ চুলকোচ্ছিল, কিন্তু তার পছন্দ হচ্ছিল না। জাম গাছটা দেখে সে সেই গাছে গা ঘষতে লাগল। বেশ আরামও হলো। তাই জোরে জোরে পিঠ ঘষতে লাগল গাছে। চড়াইয়ের বাচ্চারা ভীষণ ভয়ে চমকে চমকে উঠতে লাগল। চড়াই প্রথমে

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপকথাটি পড়বে।

কিছু বুঝতে পারেনি, পরে দেখল একটা বিশাল হাতি তার সাধের জাম গাছের গায়ে পিঠ ঘষছে। আর গাছটাও খুব দুলছে। বিপদ বুঝে সে চিৎকার করে উঠল, ‘আরে কী করছ? থামো, থামো। গাছের ওপরে যে আমার বাসা রয়েছে।’

হাতি বলল ‘তা আমি কী করব?’

‘শিগগির থামো। না হলে যে আমার বাসা ভেঙে যাবে। আমার বাছারা বড্ড ভয় পাচ্ছে।’

হাতি হেসে বলল, ‘তোর বাচ্চারা ভয় পেয়েছে তো আমি কী করব ? গর্তের মধ্যে লুকোতে যাব?’

চড়াই কাকুতি মিনতি করে, ‘তুমি আর গাছটাকে নাড়িয়ো না। আমার বাচ্চারা উড়তে শেখেনি। উঁচু বাসা থেকে পড়লে মরে যাবে।’

**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপকথাটি পড়বে।

হাতির পিঠ চুলকে খুব আরাম লাগছিল। বলল, 'তাতে আমার কী?'

চড়াই যত মিনতি করে হাতি তত মজা পায়। সে সমানে গাছ নড়িয়ে চলে আর বলে, 'আমার খুব আরাম লাগছে ।'

হঠাৎ গাছটা ভীষণ দুলে উঠল। চড়াইয়ের কচি বাচ্চারা তাদের দুর্বল ডানা ঝাপটে ঝাপটে চ্যাঁ চ্যাঁ করতে লাগল। এবার চড়াইয়ের খুব রাগ হলো। সে মিনতি করা ছেড়ে তীক্ষ্ণ স্বরে হাতিকে বলল,

'এই শেষবার বলছি। এক্ষুনি থামো। নইলে—'

হাতি হেসে বলল,' নইলে কী '?

'নইলে তোমাকে পস্তাতে হবে।'

‘তোর মতো পুঁচকে পাখি আমার কিচ্ছু করতে পারবে না।’

‘দেখবে, কী করতে পারি ? ’

‘দেখতেই তো চাই। এই দেখ আরও জোরে জোরে তোর গাছ নাড়াচ্ছি।’ বলে সে সত্যিই গাছে ঠেলা মারে। চিৎকার করে ওঠে চড়াই, ‘দাঁড়াও’! কী করে তোমায় জব্দ করতে হয় দেখাচ্ছি!’ বলে সে ফুড়ুৎ করে হাতির কুলোর মতো একটা কানে ঢুকে পড়ল। তারপর সেখানে সে ডানা ঝাপটে ওড়ে আর ঠোকরায়।

যন্ত্রণায় হাতি চিৎকার করে ওঠে, মটিতে শুয়ে পড়ে মাথা ঘষে ঘষে চড়াইকে মারতে চেষ্টা করে। কিন্তু তা পারবে কেন? চড়াই তো রয়েছে তার কানের ভেতরে। কাতরাতে কাতরাতে হাতি বলে, ‘বড্ড লাগছে আমার।

তুমি শিগগির বেরিয়ে এসো আমার কান থেকে । লক্ষ্মী বোনটি আমার।'

কানের ভেতর থেকে চড়াই বলে, 'তাতে আমার কী ? এখানে উড়তে আমার খুব ভালো লাগছে ।'

'না না বোনটি তুমি আমাকে বাঁচাও। আমি আর কখনও গাছ নাড়াব না। আমার অন্যায় হয়ে গেছে। এইবারটি তুমি আমায় মাফ করো।'

চড়াই বলল, 'ঠিক বলছো?'

হাতি বলে, 'ঠিক। '

চড়াই আবার হতির কান থেকে বেরিয়ে আসে। হাতিরও প্রাণ জুড়োয়। গাছের ডালে নিজের বাচ্চাদের কাছে গিয়ে চড়াই বলে, 'গায়ে জোর আছে বলে গর্ব

করা ভালো নয়। মনে রেখো, ছোটো প্রাণীরও কিছু ক্ষমতা থাকতে পারে।’

হাতির ভালোই উচিত শিক্ষা হয়েছিল। তাই ‘চিরকাল মনে রাখব’ বলে হাতি সেখান থেকে দ্রুত চলে যায়।



## See and say :

### That is ...



a tiger



a lion



a camel



an elephant

## Match column A with B :

| A | B |
|---|---|
| 1. camel | a. trunk |
| 2. lion | b. stripes |
| 3. elephant | c. mane |
| 4. tiger | d. hump |



**Learning tips :** Students will read the names of animals. They will do the activity.

## Look at the picture :



You can see the body parts of many animals in this picture. Name the animals.


____________________________________________

____________________________________________

____________________________________________

**Learning tips :** Students will do the activity.

# ছবি আঁকি



আমরা চিড়িয়াখানা বেড়াতে গিয়েছিলাম। অনেক পশু ও অনেক পাখি দেখলাম। খুব ভালো লেগেছে। খুব আনন্দ পেয়েছি। পশু-পাখিগুলোকে খুব মনে পড়ছে। একটা খাতায় ওদের ছবি এঁকে রাখতে ইচ্ছে করছে। কিন্তু পশু-পাখির ছবি আঁকা বেশ শক্ত।

 **শিখন পরামর্শ :** জ্যামিতিক চিত্রের নাম না জেনে আকারের ধারণা।


দাদা ছবি আঁকছে। মিঠু আয়। আমরা দাদার সঙ্গে বসে পশু-পাখি আঁকার নিয়ম শিখি।

দাদা বলল সব ছবিই কতগুলো সোজা দাগ ও কতগুলো বাঁকা দাগ দিয়ে আঁকা যায়।

আমরা সোজা দাগ ____________

ও বাঁকা দাগ  আঁকলাম।

এবার আমরা সোজা দাগ ও বাঁকা দাগ দিয়ে খুব সহজ সহজ ছবি আঁকি।



এগুলো দিয়ে নানারকম ছবি আঁকি।

## হাতেকলমে

**১. যুক্তবর্ণের ব্যবহার রয়েছে, গল্প থেকে এমন পাঁচটি শব্দ খুঁজে নিয়ে লিখি:**

**২. নীচের প্রশ্নগুলোর উত্তর লিখি :**

২.১ চড়াই পাখি কোথায় বাসা বেঁধেছিল ?

২.২ চড়াই ছানারা ভয় পেয়েছিল কেন ?

২.৩ মা চড়াই কীভাবে দুষ্টু হাতিকে জব্দ করল ?

২.৪ মা চড়াই শেষে হাতিকে কী বলল ?

**৩. গল্পে কে কী করেছে তা নীচের ছকটিতে লিখি:**

| মা-চড়াই | হাতি |
|---|---|
| | |

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা 'উচিত শিক্ষা' উপকথাটি পড়ে উপরের কাজগুলি করবে।

৪. বামদিকের সঙ্গে ডানদিকের বিপরীতার্থক শব্দগুলি মিলিয়ে লিখি :

| | |
|---|---|
| পছন্দ | — সবল |
| ভয় | — অনুচিত |
| দুর্বল— | অপছন্দ |
| তীক্ষ্ণ— | সাহস |
| উচিত | — ভোঁতা |

৫. কিচমিচ, চ্যাঁ চ্যাঁ, ফুড়ুৎ — এই শব্দগুলি কোন কোন প্রাণীর সঙ্গে জড়িত ? তাদের কোন কোন কার্যকলাপ বোঝাতে আমরা এই শব্দগুলি ব্যবহার করি ? এই তিনটি শব্দ দিয়ে তিনটি পৃথক বাক্য নিজে বানিয়ে লিখি।



# See the pictures...



 **Learning tips :** Students will know about different activities of birds.

# See and say ...



**That is a cuckoo.**



**That is an Indian roller.**




**That is a parrot.**

**Learning tips :** Students will read the sentences. They will know the names of birds.

## See and say ...



That is a kingfisher.



That is a peacock.





That is a wagtail.





That is a magpie robin.


দাদা বলল সব ছবিগুলো ঠিকমতো সাজিয়েই সব পশু-পাখি আঁকা যাবে। আমরা আঁকতে চেষ্টা করি। ছবি কীসের মতো দেখতে তা ফাঁকা ঘরে লিখি আর ছবিগুলোতে রং করি।















আঁকতে আঁকতে আমাদের দেখা পশু-পাখিদের মনে পড়ছে। খুব মন কেমন করছে।

# See the pictures of the birds. Write their names:











**Learning tips :** Students will do the activities.

**Fill in the gaps. Use words from the help box :**

(a) Birds have ______________ .

(b) Birds eat with ____________.


(c) Birds live in _______________.

(d) Some birds can __________ sweet songs.

***Help box***

**sing** **beaks** **wings** **nests**

## Colour the bird :



## Draw the picture of a bird. Colour it :

 **Learning tips :** Students will do the activities.



# অতিথ্ পাখি

সরল দে

অতিথ্ পাখি অতিথ্ পাখি
পথিক পাখির ঝাঁক,
দূর থেকে ওই আসছে উড়ে
হাজার হাজার লাখ
হারায় না পথ অতিথ্ পাখি
এ পথ তাদের চেনা নাকি ?

**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের কবিতাটি পড়বে।

আসছে রে মেঘ ফুঁড়ে ফুঁড়ে
ঘুরে পথের বাঁক।
আয় রে তোরা অতিথ্ পাখি
আয় রে তোরা আয়।
হরেক পাখির খুশির মেলা
রঙের ছোঁয়া পায়।
শীতের কটা দিনের তরে
অতিথ্ পাখি জলায় চরে,
শীতের শেষে হিমের দেশে
আবার ফিরে যায়।

**শব্দার্থ :** অতিথ্ পাখি—অতিথি পাখি বা পরিযায়ী পাখি। ঝাঁক—দল। বাঁক—মোড়। তরে—জন্য। চরে— বিচরণ করে। হিম—বরফ।



1. Some birds fly many miles.
2. They fly for food and shelter.
3. They fly to live in friendly climate.
4. They are migratory birds.

Write four sentences about birds :

______________________________________

______________________________________

______________________________________

______________________________________

______________________________________

______________________________________

**Learning tips :** Students will know about migratory birds. They will do the activity.

## নিজে করি

রোশেনারা ৩২ টি গাঁদা ফুল নিয়ে মালা গাঁথা শুরু করল। কিন্তু মালা গাঁথার পরে ঝুড়িতে ১২ টি ফুল পড়ে আছে। মালায় কতগুলো ফুল আছে হিসাব করি।

| | | দ | এ | |
|---|---|---|---|---|
| মালা গাঁথার জন্য ফুল নিল | | ৩ | ২ | টি। |
| ঝুড়িতে পড়ে আছে | - | ১ | ২ | টি। |
| মালায় ফুল আছে | | | | টি। |

আজ খুব বৃষ্টি পড়ছে। তাই ১৯ জন ছাত্রছাত্রী স্কুলে আসতে পারেনি। আমাদের শ্রেণিতে মোট ছাত্রছাত্রী ৩৭ জন। তাহলে আজ কতজন স্কুলে এসেছে হিসাব করি।

শোভন ৬০টি ঘুড়ি এনেছে। আমাদের ৪৮টি ঘুড়ি দিয়ে দিল। শোভনের কাছে এখন কতগুলো ঘুড়ি আছে হিসাব করি।



**শিখন পরামর্শ :** গল্পের মাধ্যমে বিয়োগের ধারণা ও নিজে গল্প লেখার ধারণা।

সানিয়ার কাছে ৩৩টি টিপ আছে। সানিয়া বন্ধুদের ১৮টি টিপ দিয়ে দিল। সানিয়ার কাছে এখন কতগুলো টিপ আছে দেখি।

*নিজে গল্প লিখি :*

| | | দ | এ | |
|---|---|---|---|---|
| দোকানিকে দিল | | ৩ | ০ | টাকা। |
| রিতেশের খাতার দাম | - | ১ | ৮ | টাকা। |
| রিতেশ ফেরত পাবে | | | | টাকা। |

*নিজে গল্প লিখি :*

| | | দ | এ | |
|---|---|---|---|---|
| বাসে লোক ছিল | | ৪ | ৮ | জন। |
| বাস থেকে নেমে গেল | - | ১ | ৯ | জন। |
| এখন বাসে লোক আছে | | | | জন। |

## হাতেকলমে

১. 'অতিথ্ পাখি' কবিতার কবি হলেন --------------

২. 'অতিথ্ পাখি' বলতে কোন পাখিদের বোঝানো হয়? -------------------------

৩. কীভাবে 'অতিথ্ পাখি' আমাদের দেশে আসে?

------------------

৪. বছরের কোন সময়ে তাদের দেখা মেলে?

-------------------------

৫. শীত শেষ হলে 'অতিথ্ পাখি'রা কী করে?

-------------------------

৬. যুক্তবর্ণ ব্যবহার করি :

| | | | |
|---|---|---|---|
| পাখি = | প / ক্ষী | লাখ = | |
| বাঁক = | | হাজার = | |
| পথ = | | ছোঁয়া = | |

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের '**হাতেকলমে**'র কাজগুলি করবে।

৭.‘শীতের কটা দিনের তরে

অতিথ্ পাখি জলায় চরে’— কবিতায় কবি ভিনদেশি পাখিদের আমাদের এখানে এসে শীতের কয়েকমাসের জন্য বিভিন্ন জলাভূমিতে, দিঘিতে, বিলে, বাওড়ে অতিথি হয়ে বসবাসের কথা বুঝিয়েছেন।

এই অতিথি পাখিদের নিয়ে নীচের কথাগুলি সম্পূর্ণ করি :

১.অতিথি পাখিরা দূরদূরান্ত থেকে

.....................................................................................

২.সেই পাখিরা খাবার এবং আশ্রয়ের

.....................................................................................


৩.তারা প্রচণ্ড ঠান্ডা থেকে বাঁচতে

.....................................................................................

৪.শীত শেষে এরা

.....................................................................................

## Listen and say :



Flip-Flap ! Flip-Flap!
Rises my kite,
Up and up in the sky,
Blue and bright.

Flip-Flap! Flip-Flap!
Goes my kite,
Sometimes to my left,
And sometimes to my right.



Flip-Flap! Flip-Flap!
Flies my kite,
High and high above,
Touching the skies.



**Learning tips :** Teacher will encourage the students to participate in the rhyme.


# আম কুড়োই



কাল ঝড়ে অনেক আম পড়ে গেছে। আমি ১২ টি কুড়িয়েছি। দাদা ১৮ টি কুড়িয়েছে। বোন কুড়িয়েছে ৭ টি আম।

**শিখন পরামর্শ :** কার্ডের মাধ্যমে তিনটি দুই বা দুটি দুই ও একটি এক অঙ্কের সংখ্যার যোগ যাতে যোগফল ৯৯-এর কম।

| | দ | এ | |
|---|---|---|---|
| আমি কুড়িয়েছি | ১ | ২ | টি → |
| দাদা কুড়িয়েছে | ১ | ৮ | টি → |
| বোন কুড়িয়েছে | | ৭ | টি → |
| | ৩ | ৭ | টি |




আমরা তিনজনে মোট ☐ টি আম কুড়িয়েছি।

মা আজ অনেক নাড়ু তৈরি করেছেন। মা দিদিকে ৮ টি ও দাদাকে ৭ টি নাড়ু দিলেন। বাকি ১৫ টি নাড়ু রেখে দিলেন। মা ☐ গুলো নাড়ু তৈরি করেছেন।


মা দিদিকে দিলেন ৮ টি নাড়ু

দাদাকে দিলেন ৭ টি নাড়ু

রেখে দিলেন ১৫ টি নাড়ু

মোট নাড়ু ☐ টি

| দ | এ |
|---|---|
| | ৮ |
| + | ৭ |
| +১ | ৫ |
| ☐ | |



# বেলুন বাড়ি

শঙ্খ ঘোষ



তোমরা সবাই মাটির মানুষ
আমার আছে বেলুন বাড়ি—
সেই বেলুনে সমস্ত দিন
শূন্যে ভেসে দিচ্ছি পাড়ি।
তোমরা দেখো মাথার ওপর
কেমন করে মেঘ চলে যায়
ওপর থেকে সেই মেঘকেই
দেখছি আমি পায়ের তলায়।
একটা দেশেই তোমরা বাঁধা

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা কবিতাটি উপযুক্ত বিরামচিহ্ন সহ কবিতার ছন্দ ও ভাব বজায় রেখে পড়বে।

আমার দেশতো হাজার হাজার
এমনি আমার বেলুনবাড়ি
কোনো সীমাই থাকে না যার।
তোমরা কি চাও আমার মতো
থাকার সঙ্গে চলার স্বাদও !
নিজের নিজের বাড়ির ওপর
মস্ত একটা বেলুন বাঁধো।



## See and say :


ant


honey bee


butterfly


mosquito


cockroach


beetle

## See the pictures. Fill in the gaps :


This is a honey bee.


This is __________ __________.


This _________ _________ ________.


______ ______ _________ _________.


**Learning tips :** Students will read the names of insects and do the activities.

## নিজে করি :

১।

| | দ | এ |
|---|---|---|
| | ৩ | ৬ |
| + | | ৬ |
| + | | ৮ |
| | | |

২।

| | দ | এ |
|---|---|---|
| | ২ | ৭ |
| + | ৩ | ০ |
| + | | ৩ |
| | | |

৩।

| | দ | এ |
|---|---|---|
| | ৩ | ৫ |
| + | ৩ | ০ |
| + | ২ | ৯ |
| | | |

৪।

| | দ | এ |
|---|---|---|
| | ৪ | ২ |
| + | ৩ | ৫ |
| + | ১ | ৯ |
| | | |


**শিখন পরামর্শ :** হাতে রাখা যোগের ধারণা এবং যোগফল ৯৯-এর কম।

দয়ারামকাকুর ঝুড়িতে অনেকগুলো লিচু আছে। তিনি মিমিকে ১৪ টি ও পথিককে ১৯ টি লিচু দিলেন। এখনও ঝুড়িতে ১৩ টি লিচু পড়ে আছে। হিসাব করে দেখি দয়ারামকাকুর ঝুড়িতে প্রথমে কতগুলো লিচু ছিল।

| | ○ | | |
|---|---|---|---|
| | দ | এ | |
| মিমিকে দিলেন | | | টি |
| পথিককে দিলেন | | | টি |
| ঝুড়িতে আছে | | | টি |
| ঝুড়িতে মোট লিচু ছিল | | | টি |

# নিজে গল্প লিখি:

| | দ | এ | |
|---|---|---|---|
| জিলিপি | ২ | ২ | টাকা |
| পাঁপড় ভাজা | ১ | ৭ | টাকা |
| বাদাম ভাজা | ৩ | ৮ | টাকা |
| মোট খরচ | | | টাকা |



## হাতেকলমে

১. কবিতায় রয়েছে এমন যুক্তব্যঞ্জন দিয়ে নতুন শব্দ গড়ি :

| ম | স্ত | ক |
| --- | --- | --- |

| | স্ত |
| --- | --- |

| | ঙ্গী |
| --- | --- |

| | ঙ্গ |
| --- | --- |

| | | স্ত |
| --- | --- | --- |

| | চ্ছে |
| --- | --- |

| | স্বা | |
| --- | --- | --- |

| | চ্ছ | |
| --- | --- | --- |



**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা 'বেলুন বাড়ি' কবিতাটি পড়বে ও **'হাতেকলমে'**র কাজগুলি করবে।

২.বেলুন ছাড়া আকাশে আর যা যা উড়তে দেখি ——————

৩.বেলুন বাড়ির মানুষটি মেঘকে যেখানে ভাসতে দেখে ———

৪.বন্ধনীর শব্দ শূন্যস্থানে ঠিকমতো বসাই : (সীমানা/শূন্যে/মস্ত)

৪.১ বেলুনে চড়ে ————— পাড়ি দেওয়া যায়।

৪.২ বেলুন বাড়ির কোনো ————— থাকে না।

৪.৩ থাকার সঙ্গে চলার স্বাদ পেতে বাড়ির ওপর ————— বেলুন বাঁধতে হবে।

৫.বিপরীত অর্থের শব্দ পাশে পাশে লিখি :

ওপর ______, বাঁধা ______, মস্ত ______, সীমা ______।

৬.বাক্য রচনা করি :

দিন, শূন্য, নিজের, বেলুন।

## Read the sentences :

One evening, the beetle wanted some honey. So the beetle called the glow worm. The glow worm came with light. Together, they went to the hive of a bee. On the way, they heard the sound of a cricket.

## Read the clues. Fill in the boxes :

**Across :**

1. A cricket makes
2. A glow worm gives
3. An insect has six


**Down :**

4. A bee collects
5. A mosquito spreads

 **Learning tips :** Students will read the sentences and do the activity.






4
1 s
5 d
2
h
y
3
e






## বড়ো-ছোটো বুঝি



সায়নের কাছে ২১টি দেশলাই কাঠি আছে। কিন্তু দেশলাই বাক্সে ৩১ টি কাঠি রাখতে হবে। কতগুলো বেশি দরকার দেখি।

| | দ | এ | |
|---|---|---|---|
| সায়নকে রাখতে হবে | ৩ | ১ | টি কাঠি |
| কিন্তু সায়নের কাছে আছে | ২ | ১ | টি কাঠি |
| আরও দরকার | ১ | ০ | টি কাঠি |



তাই ৩১,২১ -এর থেকে ☐ (বড়ো/ছোটো)

৩১ ☐ ২১ [ > বা < বসাই]



যদি সায়নকে ৪১ টি দেশলাই কাঠি বাক্সে রাখতে হতো, তবে হিসাব করে দেখি কত বেশি কাঠির দরকার।

কাঠি রাখতে হবে □ টি

সায়নের কাঠি আছে □ টি

---

□ টি

---

আরও □ টি কাঠি দরকার

৪১, ২১ এর চেয়ে □ (বড়ো/ছোটো)

৩১ [>] ২১, ৪১ [>] ২১, ৫১ □ ২১,

৬১ □ ২১, ৭১ □ ২১, ৮১ □ ২১

এককের ঘরের অঙ্ক একই রেখে দশকের ঘরের অঙ্ক বাড়ালে বা কমালে সংখ্যার মান বাড়ে বা কমে।

**শিখন পরামর্শ :** সংখ্যার বড়ো-ছোটোর ধারণা।

# পুঁতি দিয়ে মালা গাঁথি

জেরিনা ২৭ টি পুঁতি দিয়ে মালা গেঁথেছে। পলি ১৭টি পুঁতি দিয়ে মালা গেঁথেছে। কার মালায় পুঁতি বেশি দেখি।

জেরিনার মালা →



পলির মালা →




| | দ | এ |
|---|---|---|
| | ২ | ৭ টি |
| - | ১ | ৭ টি |
| | ১ | ০ টি |

তাই জেরিনার মালায় পলির চেয়ে ☐ পুঁতি আছে [বেশি/কম]


তাই ২৭ ☐ ১৭ [> /< বসাই ]

 **শিখন পরামর্শ :** সংখ্যার বড়ো-ছোটোর ধারণা। ঊর্ধ্বক্রমে ও অধঃক্রমে লেখার ধারণা।

## হাতেকলমে

২৭ → 

১৭ → 

২৭ — ১৭ →  → ১০

তাই কোনটা ছোটো কোনটা বড়ো দেখার জন্য প্রথমে দশকের ঘরের অঙ্ক দেখব তারপরে এককের ঘরের অঙ্ক দেখব।

> বা < বসাই

২৭ ☐ ৩৬, ৪১ ☐ ২৯, ৫৬ ☐ ৬৫,

৪২ ☐ ৫৮, ৭১ ☐ ৬৮

১) ছোটো থেকে বড়ো (ঊর্ধ্বক্রমে ) সাজাই :

৮৫, ৯৬, ৭৭, ৬৬, ৬০ →

☐

২) বড়ো থেকে ছোটো (অধঃক্রমে ) সাজাই :

৫০, ৪৮, ৮৮, ৭৭, ৪০ →

☐

## Read the sentences:

Insects are small. All insects have six legs. Most insects can fly. They have wings. Insects are in the world we live in. They are in the garden. They are in the desert. They are in the hills. They are everywhere.

## Tick (✓) the correct answer :

1. Insects are big / huge / small.
2. All insects have four / six / five legs.
3. Most / no / all insect(s) can fly.
4. Insects are only in the hills /only in the desert / everywhere.



**Learning tips :** Students will do the activities. Teachers will encourage the students to sing to the tune of **"twinkle, twinkle, little star"**

## Listen and say :





### Insects All Around



Lady bugs and butterflies,
Buzzing bees up in the sky.
Teeny, tiny little ants,
Crawling up and down the plants
Many insects can be found
In the sky and on the ground.






# টুপির সংখ্যা বাড়াই



 ও 




মিলে → 


পেলাম,

২ + ২ = ৪ দুটি ২-এর দল মিলে ৪ হলো।

এখানে দল = ২ , প্রতি দলে ২ টি।

আবার,



 ,  ও 



মিলে → 


পেলাম ☐ + ☐ + ☐ = ৬


**শিখন পরামর্শ :** যোগের মাধ্যমে গুণের প্রাথমিক ধারণা।

তিনটে ২-এর দল মিলে ☐ হলো। এখানে দল = ৩ ,
প্রতিদলে ২ টি টুপি।

 ,  ,

 ও 

মিলে→ 

পেলাম ☐ + ☐ + ☐ + ☐ = ☐

☐ টি ২-এর দল মিলে ☐ হলো। এখানে দল = ☐, প্রতি দলে ☐ টি টুপি।



তাই ২ + ২ + ২ + ২ + ২ = ☐

☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ = ১২




“ ২টো ২-এর দল মিলে ৪ হলো ” — এটা ছোটো করে কীভাবে লিখব ?

২ × ২ = ৪ -এভাবে লিখব। ‘×’ এই চিহ্নের নাম গুণ চিহ্ন।

২ বার ২ যোগ করেছি তাই বলব ২-এর সঙ্গে ২ গুণ করে ‘গুণফল ৪ পেলাম’।

# ছোটো করে নতুনভাবে লিখি



ছোটো করে পাই গুণফল

একটা ২-এর দল = ২ → ২ × ১ = ২

দুটো ২-এর দল = ৪ → ২ + ২ = ৪

↓

২ × ২ = ৪

[ ] টি ২-এর দল = ৬

২ + ২ + ২ = [ ]

২ × [ ] = [ ]

**শিখন পরামর্শ :** যোগের মাধ্যমে গুণের প্রাথমিক ধারণা।

টি ২-এর দল =

\+ \+

\+ =



২ × =


টি ২-এর দল = ১০

\+ \+

\+ =


২ × =


 ও 

মিলে → 

৩ + ৩ = ☐ → ৩ × ২ = ☐

গুণফল → ☐



→ 

৪টি টিপ + ৪টি টিপ + ৪টি টিপ

= ১২টি টিপ

ছোটো করে পাই, ৪ + ৪ + ৪ = ১২

→ [ ] × [ ] = [ ]

## নিজে করি

(১) ৩ + ৩ + ৩ = [ ]

→ [ ] × [ ] = [ ]

(২) [ ] + [ ] + [ ] + [ ] + [ ] = [ ]

→ ২ × ৫ = [ ]

(৩) [৪] + [২] = [ ]

→ [ ] × [ ] = [ ]

(৪) [৫] + [৫] + [৫] = [ ]

→ [ ] [ ] [ ] = [ ]

(৫) [৭] + [৭] = [ ]

→ [ ] [ ] [ ] = [ ]

# আলাদা আলাদা দল গড়ি :



→ ৩ × ☐ = ☐

৩টি করে ২টি ফুলের দল




→ ২ × ☐ = ☐


২টি করে ☐ ফুলের দল

**শিখন পরামর্শ :** দল গড়ে গুণের ধারণা।

# আলাদা আলাদা দল গড়ি :




→ ৪ × ☐ = ☐




→ ☐ × ৪ = ☐

# আলাদা আলাদা দল গড়ি :



→ ২ × ☐ = ☐



→ ৫ × ২ = ☐



# আমাদের গ্রাম

বন্দে আলি মিঞা

আমাদের ছোটো গাঁয়ে ছোটো ছোটো ঘর,
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।
পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই,
একসাথে খেলি আর পাঠশালে যাই,
হিংসা ও মারামারি কভু নাহি করি,
পিতামাতা গুরুজনে সদা মোরা ডরি।।

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের কবিতাটি পড়বে।

আমাদের ছোটো গ্রাম মায়ের সমান,
আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ।
মাঠভরা ধান আর জলভরা দিঘি,
চাঁদের কিরণ লেগে করে ঝিকিমিকি।
আমগাছ জামগাছ বাঁশঝাড় যেন
মিলেমিশে আছে ওরা আত্মীয় হেন।
সকালে সোনার রবি পুবদিকে ওঠে,
পাখি ডাকে, বায়ু বয় , নানা ফুল ফোটে।


**শব্দার্থ :**

কেহ --- কেউ। কভু --- কখনো।
গুরুজন — বয়সে যিনি বড়ো। ডরি — ভয় পাই।
বায়ু --- হাওয়া/বাতাস। কিরণ --- আলো।
আত্মীয় --- নিজের পরিবারের লোকজন।
হেন—মতো।

## Draw the picture of a morning scene in your locality:

 **Learning tips :** *Students will do the activity.*


## ছোটো করে নতুনভাবে লিখি




→ □ × ৪ = □

→ ৪ × ৩ = □ নিজে ছবি আঁকি

# ছোটো করে নতুনভাবে লিখি







→ [ ] × [ ৪ ] = [ ]

→ [ ৪ ] × [ ৩ ] = [ ] নিজে ছবি আঁকি

ফাঁকা থালায় কিছু নেই। অর্থাৎ শূন্যটি আপেল আছে।

 ও 

০ + ০ = ০

দুটো মিলে কোনো আপেল পেলাম না তাই ০

কোনো আপেল নেই তাই ০ ও কোনো আপেল নেই তাই ০

= কোনো আপেল নেই তাই ০

তাই, ০ × ২ = ০ = ২ × ০

## ফাঁকা থালায় ফল দেখি ও ফাঁকা ঘরে সংখ্যা লিখি



০ + ☐ + ☐ = ☐

পেলাম, ০ × ৩ = ☐

অথবা ৩ × ০ = ☐

পেলাম, যেকোনো সংখ্যাকে ০ দিয়ে গুণ করলে ☐ হয়।

## নিজে করি



(১) ২ × ৩ = ☐


(২) ৫ × ২ = ☐ = ২ × ☐

(৩) ৩ × ০ = ☐



(৪) ☐ × ৪ = ০

 **শিখন পরামর্শ :** সংখ্যাকে শূন্য দিয়ে গুণের ধারণা।




→ ১ × ০ = ০



→ ১ × ১ = ১


 

→ ১ × ২ = ২


  

→ ১ × □ = ৩


**শিখন পরামর্শ :** শিক্ষার্থীদের ১ এর সঙ্গে বিভিন্ন সংখ্যার গুণের ধারণা তৈরি হবে।




→ □ × ৪ = ৪




→ □ × □ = ৫




→ ১ × ৬ = □




→ ১ × ৭ = ☐



→ ১ × ৮ = ☐



→ ১ × ৯ = ☐



→ ১ × ১০ = ☐

পেলাম, যেকোনো সংখ্যাকে ১দিয়ে গুণ করলে গুণফল সেই সংখ্যাই হয়।

## নিজে করি

(১) ১ × ৮ = ☐

(২) ৭ × ১ = ☐


(৩) ১১× ☐ = ১১

(৪) ৬ × ☐ = ১ × ☐

(৫) ☐ × ১২ = ১২

(৬) ☐ × ১ = ১৮

## খরগোশের লাফ দেখি




| খরগোশের লাফ দেখি ও কতটা এগোল মাপি | ছোটো করে লিখি |
| --- | --- |
| লাফ না দিলে যায় ০ | ২ × ০ = ০ |
| ১লাফে যায় ২ → ☐ | ২ × ☐ = ☐ |
| ২ লাফে যায় ২ + ২ → ☐ | ২ × ২ = ☐ |
| ৩ লাফে যায় ☐ + ☐ + ☐ → ☐ | ২ × ☐ = ☐ |

| খরগোশের লাফ দেখি ও কতটা এগোল মাপি | ছোটো করে লিখি |
| --- | --- |
| ৪ লাফে যায় □ + □ + □ + □ → □ | ২ × □ = □ |
| ৫ লাফে যায় □ + □ + □ + □ + □ → □ | □ × ৫ = ১০ |
| ৬ লাফে যায় □ + □ + □ + □ + □ + □ → □ | ২ × □ = □ |
| ৭ লাফে যায় □ + □ + □ + □ □ + □ + □ → □ | ২ × □ = □ |

| খরগোশের লাফ দেখি ও কতটা এগোল মাপি | ছোটো করে লিখি |
| --- | --- |
| ৮ লাফে যায় ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ → ☐ | ২ × ☐ = ☐ |
| ৯ লাফে যায় ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ + ☐ → ☐ | ২ × ☐ = ☐ |
| ১০ লাফে যায় ১৮ + ২ → ☐ | ২ × ১০ = ☐ |
| ১১ লাফে যায় ☐ + ☐ → ২২ | ২ × ১১ = ☐ |
| ১২ লাফে যায় ☐ + ☐ → ☐ | ২ × ১২ = ☐ |

## হাতেকলমে

### ১. ঠিক উত্তর বেছে নিয়ে লিখি :

১.১ আমাদের গ্রামে কেউ কারুর (পর/আপন) নয়।

১.২ আমাদের গ্রামটি (ছোটো/বড়ো)।

১.৩ আমাদের গ্রামটি আমাদের (মায়ের/বন্ধুর) মতো।

১.৪ মাঠভরা ধান আর জলভরা দিঘি (সূর্যের/চাঁদের) কিরণ লেগে ঝিকমিক করে।

১.৫ কবিতাটিতে মোট পঙ্‌ক্তির সংখ্যা (৭/১৪)।

### ২. কবিতাটিতে থাকা তিনটি যুক্তবর্ণের শব্দ হলো

........................ ........................ ........................

শব্দ তিনটির যুক্তবর্ণগুলি লিখি আর সেই যুক্তবর্ণগুলি ব্যবহার করে নতুন শব্দ তৈরি করি :

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা 'আমাদের গ্রাম' কবিতায় 'হাতেকলমে'র কাজগুলি করবে।

### ৩. পাঠ থেকে শব্দ নিয়ে শূন্যস্থানে বসাই :

৩.১ গ্রামের সকল শিশু ______যায়।

৩.২ গ্রামে______ধান আর______দিঘি আছে।

৩.৩ গ্রামে আত্মীয়ের মতো আছে ___ ___ ___

৩.৪ ___ ও ___ করা ভালো নয়।

৩.৫ ______থাকার আনন্দ অনেক।

### ৪. নীচের শব্দগুলির বিপরীত অর্থের শব্দ পাঠ থেকে খুঁজে নিয়ে লিখি :

বড়ো —————————— রাতে ——————————

অন্ধকার ——————————

অসমান ——————————

### ৫. নীচের প্রশ্নগুলির উত্তর লিখি :

৫.১ আমাদের ছোটো গ্রাম কার সমান?

৫.২ চাঁদের কিরণ লেগে কারা ঝিকিমিকি করে?

৫.৩ . সকালে সোনার রবি পুবদিকে ওঠার পরে কী কী ঘটনা ঘটে?

## See and say :



one shirt



one frock



**Learning tips :** Students will have ideas about singular and plural numbers.



**two shirts**



**two frocks**





**three shirts**





**three frocks**



**many shirts**



**many frocks**

# Read the words :

| one | many |
| --- | --- |
| boat | boats |
| dog | dogs |
| hen | hens |

| one | many |
| --- | --- |
| table | tables |
| car | cars |
| tree | trees |

# Fill in the gaps :

| one | many |
| --- | --- |
| pen | |
| | books |

| one | many |
| --- | --- |
| | stones |
| | |

bottle

# ছবি দেখে কিছু লিখি :







২ × ☐ = ☐




☐ × ☐ = ☐



**শিখন পরামর্শ :** ছবি দেখে গুণের ধারণা।

## ছবি দেখে কিছু লিখি :





□ × □ = □






৫ × □ = □

গুণফলের এককে ৪ থাকলে লাল রং দিই।

গুণফলের এককে ৬ থাকলে নীল রং দিই।



গুণফলের এককে ৮ থাকলে সবুজ রং দিই।









# গাছের পাতার মজার খেলা

এক এক করে গাছের পাতা সাজিয়ে কটা পাতা পাই দেখি।


| | |
|---|---|
| | ৩ × ০ = ☐ |
|  | ৩ × ১ = ☐ |
|  | ৩ × ☐ = ☐ |
|  | ৩ × ☐ = ☐ |

| | |
|---|---|
|  | ☐ × ৪ = ☐ |
|  | ☐ × ৫ = ☐ |
|  | ☐ × ৬ = ☐ |




$\square \times \square$

$= \square$




$\square \times \square$

$= \square$



☐ × ☐

= ☐



☐ × ☐

= ☐



**শিখন পরামর্শ :** ৩-এর সঙ্গে বিভিন্ন সংখ্যার গুণের ধারণা।

# নিজে করি

১) ৩ × ৪ = ☐

২) ৩ × ৫ = ☐

৩) ৬ × ৩ = ☐

৪) ৩ × ৭ = ☐

৫) ৭ × ৩ = ☐



৬) ☐ × ৬ = ☐

৭) ৩ × ৯ = ☐

৮) ৩ × ০ = ☐

৯) ৩ × ☐ = ৩০



## See, read and count :

| | |
|---|---|
|  | This is a pen. |
|  | These are two pens. |
|  | This is a lion. |
|  | These are three lions. |




**Learning tips :** Students will read the table. They will learn the difference between the use of 'this' and 'these'.


## See, read and count :

| | |
|---|---|
|  | This is a key. |
|  | These are four keys. |
|  | This is a cat. |
|  | These are five cats. |

# Read again :




These are
two bats.




These are
three apples.

## Read again :




These are four dolls.



These are five hens.

# টুনটুনির লাফ দেখি




আজ আমরা টুনটুনির লাফ দেখব ও মজার কিছু তৈরি করব।

টুনটুনিটা

১ বার লাফিয়ে যায় ৪ ঘর

২ বার লাফিয়ে যায় ☐ + ☐ = ৮ ঘর

৩ বার লাফিয়ে যায় ৮ + ৪ = ☐ ঘর

৪ বার লাফিয়ে যায় ১২ + ☐ = ☐ ঘর

৫ বার লাফিয়ে যায় ☐ + ☐ = ২০ ঘর



**শিখন পরামর্শ :** ৪-এর সঙ্গে বিভিন্ন সংখ্যার গুণের ধারণা।

৬ বার লাফিয়ে যায় ২০ + ☐ = ☐ ঘর

৭ বার লাফিয়ে যায় ☐ + ☐ = ☐ ঘর

৮ বার লাফিয়ে যায় ☐ + ☐ = ☐ ঘর

৯ বার লাফিয়ে যায় ৩২ + ☐ = ☐ ঘর

১০ বার লাফিয়ে যায় ☐ + ☐ = ☐ ঘর

প্রথম ঘর থেকে তিন ঘর বাদ দিয়ে রং করি।



| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
| ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ |



# বুদ্ধির পরীক্ষা

নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়

এক বুড়োর দুই ছেলে ছিল। সারাজীবন ধরে খেটে বুড়ো অনেক টাকা-কড়ি জমিয়েছিল। বয়স হয়ে গেছে দেখে, বুড়ো ঠিক করল যে, তার ছেলে দুজনের মধ্যে যে বেশি উপযুক্ত হয়েছে, তারই হাতে টাকা-কড়ির ভার দিয়ে যাবে।

 **শিখন পরামর্শ :** *শিক্ষার্থীরা উপরের গল্পটি পড়বে।*

এই বিষয়ে পরীক্ষা করবার জন্য একদিন বুড়ো তার রোগশয্যার পাশে দুই ছেলেকেই ডেকে আনিয়ে বললে, “দেখো, তোমাদের দুজনকে একটি একটি করে দুটি পয়সা দিচ্ছি। এক পয়সা দিয়ে তোমাদের এমন জিনিস কিনে আনতে হবে, যাতে আমার এই ঘর ভরে যাবে। যে তা পারবে, তাকেই আমার সমস্ত সম্পত্তির ভার দিয়ে যাব!”

একটি করে পয়সা নিয়ে দুভাই তো বাজারে বেরুল। কিছুক্ষণ পরে অনেক ভেবেচিন্তে, বড়ো ভাই এক পয়সার খড় কিনে নিয়ে এসে ঘরে বিছোতে লাগল। কিন্তু এক পয়সার খড়ে সমস্ত ঘরটাকে ভরা গেল না।

তার কিছুক্ষণ পরে ছোটোভাই এল এক পয়সা দিয়ে একটা মোমবাতি কিনে এনে। ঘরে এসে মোমবাতি জ্বালিয়ে দিতে তার আলোয় ভরে গেল সমস্ত ঘর!

তখন বুড়ো সন্তুষ্ট হয়ে ছোটোছেলেকে বললে, ‘তোমাকেই দিয়ে গেলাম আমার সমস্ত সম্পত্তির ভার!’

**শব্দার্থ :** উপযুক্ত --- যোগ্য। ভার---দায়িত্ব। পরীক্ষা---যাচাই। শয্যা---বিছানা। সম্পত্তি---বিষয়-আশয়। সমস্ত --- পুরো। কিছুক্ষণ—কিছু সময়। সন্তুষ্ট—খুশি হওয়া।

## হাতেকলমে

### ১. নীচের প্রশ্নগুলির উত্তর লিখি :

১.১ বুদ্ধির পরীক্ষা গল্পটি কার লেখা?

১.২ গল্পে কজন মানুষের কথা পড়লে?

১.৩ বুড়ো লোকটি তার দুই ছেলেকে কটি পয়সা দিলেন?

১.৪ বড়ো ছেলে কী কিনে আনল?

১.৫ ছোটোছেলের প্রতি তার বাবা খুশি হলেন কেন?

### ২. নীচের শব্দগুলি ব্যবহার করে বাক্য লিখি :

জিনিস, খড়, ঘর, মোমবাতি।

## ৩. অর্থ লিখতে যুক্তবর্ণ আছে এমন শব্দ ব্যবহার করি :

ছেলে | পু | ত্র | বিছানা | | |

ভাই | | |

পয়সা | | | সব | | | |

ভার | | | |

## ৪. ঘটনাগুলি সাজিয়ে লিখি:

৪.১ বুড়ো তার দুই ছেলেকে কাছে ডাকলেন।

৪.২ একটি করে পয়সা নিয়ে দুভাই বাজারে বেরুল।


৪.৩ বুড়ো ঠিক করলেন তাঁর উপযুক্ত ছেলেকেই সম্পত্তির ভার দিয়ে যাবেন।

৪.৪ বড়ো ভাই খড় কিনে আনল, আর ছোটোভাই কিনল মোমবাতি।

৪.৫ বুড়ো তাঁর ছোটো ছেলেকেই সম্পত্তির ভার দিয়ে গেলেন।

**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা 'বুদ্ধির পরীক্ষা' গল্পটি পড়বে এবং '**হাতেকলমে**'র কাজগুলি করবে।

## See the pictures. Fill in the gaps:




These are three ______.



These are ______ ______.

 **Learning tips :** Students will do the activities.




These______ ______ ______.





______ ______ ______ ______.

**See the pictures. Fill in the gaps with this and these :**


1. 

_____ is a duck.


 

_____ are two ducks.

2.



____ ____ a fan.




____ ____ ____fans.

3.



____ ____ ____ frog.

3.



____ ____ ____ ___.

## নিজে করি :



প্রতিটি জারে ৩টি মাছ আছে।
৩টি জারে কতগুলো মাছ আছে দেখি।

একটি জারে আছে ☐ টি মাছ

৩টি জারে আছে ☐ × ☐

= ☐ টি মাছ

শিখন পরামর্শ : ছবি ও গল্পের মাধ্যমে গুণের ধারণা।







একটি গাড়িতে ☐ টি চাকা আছে। ওইরকম ☐ টি গাড়িতে কতগুলো চাকা আছে দেখি।

১টি গাড়িতে চাকা আছে ☐ টি

গাড়ি আছে ☐ টি

মোট চাকা আছে ☐ × ☐ টি

= ☐ টি





একটি পেনসিলের দাম ২ টাকা। ☐ টি পেনসিলের দরকার। ☐ টি পেনসিলের দাম কত টাকা হবে দেখি।

পেনসিল দরকার ☐ টি

☐ ☐ টাকা

(নিজে লিখি)

৬টি পেনসিলের দাম ☐ × ☐ টাকা

= ☐ টাকা

## নিজে করি :

একটা নয়নতারা ফুলের ৫টি পাপড়ি। ৪টি নয়নতারা ফুলের কতগুলো পাপড়ি আছে দেখি।



১টি নয়নতারা ফুলের [ ] টি পাপড়ি আছে

[ ] [ ] × [ ] টি পাপড়ি আছে

(নিজে লিখি) = [ ] টি পাপড়ি আছে।



**শিখন পরামর্শ :** গল্প ও ছবির মাধ্যমে গুণের ধারণা ও ভাষায় লেখার ধারণা।

একটি দড়িতে ৭টি রঙিন কাগজ ঝুলছে। এইরকম ৩টি দড়িতে মোট কটি রঙিন কাগজ ঝুলছে দেখি।



একটি দড়িতে ☐ টি রঙিন কাগজ আছে

৩ টি দড়িতে ☐ × ☐ টি রঙিন কাগজ আছে।

= ☐ টি রঙিন কাগজ আছে।







ভাষায় লিখি ও কষে দেখি।

একটি থালায় আছে ☐ টি ডিম

☐ টি থালায় আছে ☐ ☐ ☐

= ☐ টি ডিম



ভাষায় লিখি ও কষে দেখি।

একটি বাক্সে আছে ☐ টি রং পেনসিল।

☐ টি বাক্সে আছে ☐ ☐ ☐

= ☐ টি রং পেনসিল

# পরোপকার

রজনীকান্ত সেন




নদী কভু পান নাহি করে নিজ জল,
তরুগণ নাহি খায় নিজ নিজ ফল;
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান,
কাষ্ঠ দগ্ধ হয়ে করে পরে অন্নদান।
স্বর্ণ করে নিজ রূপে অপরে শোভিত,
বংশী করে নিজ রূপে অপরে মোহিত!
শস্য জন্মাইয়া নাহি খায় জলধরে,
সাধুর ঐশ্বর্য শুধু পরহিত তরে।





**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের কবিতাটি ঠিকভাবে উচ্চারণ করে পড়বে।


## অন্যের উপকার করেছেন এমন কয়েকজন মনীষীর ছবি নীচে দেওয়া হলো। ছবির নীচে এঁদের নাম লিখি। বড়োদের কাছে এঁদের জীবনের গল্প শুনি:














**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা মনীষীদের জীবন সম্বন্ধে জানতে পারবে।

## Read the sentences :

Mina and Bina are friends. They always walk to school together. Mina's father is a doctor. He treats sick people in the village. Bina's father is a farmer. He works in the field. They all love their village.

**Tick (✓) the correct answer :**

1. Mina and Bina always go to playground / school together.
2. Mina's father treats the sick / healthy people in the village.
3. Bina's father is a doctor / farmer.
4. They all love their village / town .

 **Learning tips :** Students will do the activity. Teacher will encourage the students to participate in the rhyme.


## Listen and say :

### The Baby in the Cradle


The baby in the cradle
Goes rock-a-rock-a-rock.
The clock on the dresser
Goes tick-a-tick-a-tick.
The rain on the window
Goes tap-a-tap-a-tap,
But here comes the sun,
So we clap-a-clap-a-clap!




## ব্যাঙের লাফ দেখে ফাঁকা ঘরে বসাই





## চাকার ফাঁকা ঘর ভরতি করি





 **শিখন পরামর্শ :** ৫-এর সঙ্গে বিভিন্ন সংখ্যার গুণের ধারণা।


## বল সাজাই ও কতগুলো বল লাগে দেখি






১ টি দলে ১০ টি বল → ১০ × | ১ | = ১০ টি বল লাগবে।






|     | টি দলে | ১০ | + | ১০ | = |     | × |     | = | ২০ | টি বল লাগবে।




☐ টি দলে ☐ + ☐ + ☐ = ☐ × ☐

= ☐ টি বল লাগবে।



☐ টি দলে ☐ + ☐ + ☐ + ☐ = ☐


× ☐ = ☐ টি বল লাগবে।



☐ টি দলে ☐ + ☐ + ☐ + ☐ + ☐

= ☐ × ☐ = ☐ টি বল লাগবে।

## রঙিন কার্ডের মজা




২ + ২ + ২ = ২ × ৩ = ৬



অন্যভাবে পাই এ

$$\begin{array}{r} ২ \\ \times\ ৩ \\ \hline ৬ \\ \hline \end{array}$$

এখানে গুণফল = ☐


কিন্তু ২-কে তিন বার নেওয়া হলো।

এই ২-কে কী বলব?

২-কে **গুণ্য** বলব। ২-কে ৩ বার নেওয়া হলো।

তাই ৩-কে **গুণক** বলব।

 **শিখন পরামর্শ :** গুণ্য, গুণক ও গুণফল সম্বন্ধে ধারণা।



২ + □ + □ + □


= □ × □ = □

এখানে গুণ্য = ২ , গুণক = □ ও গুণফল = □

অন্যভাবে পাই

এ

□
× □
―――
□



□ + □ + □

= □ × □ = □

এখানে গুণ্য = □ , গুণক = □ ও গুণফল = □

অন্যভাবে পাই

এ

□
× □
―――
□



# গাছে গাছে

নীরেন্দ্রনাথ চক্রবর্তী

গাছে-গাছে ফলে আছে
আম জাম লিচু,
তা ছাড়াও যদি চাও
ফল আরও কিছু,

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা কবিতাটি ছন্দ বজায় রেখে পড়বে। তারপর তারা 'হাতেকলমে'র কাজগুলি করবে।

রাখা আছে মার কাছে
কুল বেল তাল,
ন্যাসপাতি জামরুল
কলা ও কাঁঠাল।

## হাতেকলমে

১। ‘গাছে গাছে’ কবিতার কবির নাম ................।


২। কবিতায় মোট ................. টি ফলের নাম রয়েছে।

৩। কবিতায় এমন একটি ফলের নাম রয়েছে, যে নামে একটি ফুলও রয়েছে। সেটি হলো .....................।

৪। গাছে গাছে কোন কোন ফল ফলেছে?

৫। মার কাছে কোন কোন ফল রাখা আছে?

# See, read and count :




That is a kite.

Those are two kites.



That is a rat.




Those are three rats.


 **Learning tips :** Student will read the sentences. They will learn learn the use of **those**.




That is a tree.



Those are four trees.



That is a pig.




Those are five pigs.


## Read again :




Those are two birds.



Those are three tigers.



Those are four elephants.



Those are five boats.

## অন্যভাবে কিছু করি


মিঠুনের একটি ঝুড়িতে ১২ টি নারকেল আছে। ৩টি ঝুড়িতে কতগুলো নারকেল আছে দেখি।



৩টি ঝুড়িতে **১২ × ৩** টি নারকেল আছে।

সহজে ১২ × ৩ -এর মান খুঁজি।

১২ × ৩




পেলাম,

১২ × ৩ = ১২ + ১২ + ১২

= ১০ + ২ + ১০ + ২ + ১০ + ২

= ১০ + ১০ + ১০ + ২ + ২ + ২ =

৩০ + ৬ = ৩৬

 **শিখন পরামর্শ :** কাজের মাধ্যমে দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের (৫ পর্যন্ত) সংখ্যা দিয়ে গুণের ধারণা এবং গুণফল ১০০-এর কম।



## প্রথম পদ্ধতি

১২ × ৩ →


| | ১২ | |
|---|---|---|
| | ১০ | ২ |
| ৩ | ১০ × ৩ = ৩০ | ২ × ৩ = ৬ |


| দ | এ |
|---|---|
| ৩ | ০ |
| + | ৬ |
| ৩ | ৬ |


## দ্বিতীয় পদ্ধতি

| | দ | এ |
|---|---|---|
| | ১ | ২ |
| × | | ৩ |
| | ৩ | ৬ |

## কাঠি দিয়ে হাতেকলমে যাচাই করি

১২ → 

১২ × ৩ → 

→ 

→ ৩৬

## স্কুলে যাই ও মজা করি



আমাদের স্কুলের পাশে একটা দোকান আছে। সেখান থেকে আজ আমি ১৪টা লজেন্স কিনলাম। প্রতিটা লজেন্সের দাম ২ টাকা। তাই আমি দোকানদারকে কত টাকা দেবো দেখি।

১টা লজেন্সের দাম ২ টাকা।

১৪ টা লজেন্সের দাম [১৪ × ২] টাকা।

**প্রথম পদ্ধতি**

১৪

| | ১০ | ৪ |
|---|---|---|
| □ | □ × □ | □ × □ |
| | = □ | = □ |

| দ | এ |
|---|---|
| ২ | ০ |
| + | ৮ |
| ২ | ৮ |

**দ্বিতীয় পদ্ধতি**

| | দ | এ |
|---|---|---|
| | ১ | ২ |
| × | | ৩ |
| | □ | |


আমি দোকানদারকে ☐ টাকা দিলাম।

স্কুলে আমার ২৩ জন বন্ধু। প্রত্যেককে ২টি করে লজেন্স দেবো। কতগুলো লজেন্স লাগবে হিসাব করে দেখি।


১ জনকে দেব ২টি লজেন্স।

২৩ জনকে দেবো ☐ × ☐ টি লজেন্স।

**প্রথম পদ্ধতি**





দ্বিতীয় পদ্ধতি





যদি প্রতি বন্ধুকে ৪টি করে বিস্কুট দিতাম, তবে ১৩ জন বন্ধুর জন্য কতগুলো বিস্কুট কিনতে হবে দেখি।

(নিজে করি)

## See the pictures. Fill in the gaps:

1. 


Those are three ______________.

2. 

Those are _______ _______ ___ .


## See the pictures. Fill in the gaps:

3.



Those are three ______________.

4.



________ ________ ________ ________ .

## See the pictures. Fill in the gaps:



1. __________ is a hut.






1. __________ are two huts.

## See the pictures. Fill in the gaps:



2. ________ ________ a frog.




2. Those ______ ______ frogs.

**Learning tips :** *Student will do the activities.*

## See the pictures. Fill in the gaps:



3. ______ ______ ______ dog.



3. ______ ______ ______ ______.

# বাবার সঙ্গে বাজারে





আফসানা তার বাবার সঙ্গে বাজারে গেল। বাবা ৫ ডজন কলা কিনলেন। ১ ডজনে ১২টি কলা থাকে। হিসাব করে দেখি, বাবা কতগুলো কলা কিনলেন।

১ ডজনে কলা আছে ১২টি


৫ ডজনে কলা আছে ☐ × ☐ টি

## প্রথম পদ্ধতি



## হাতেকলমে :



১২
১০ ১ ১
১২ × ৫
১০ ১ ১
১০ ১ ১
১০ ১ ১
১০ ১ ১
১০ ১ ১
১০ ১০ ১০ ১০ ১০ ১ ১
১ ১ ১ ১ ১ ১ ১ ১
১০ ১০ ১০ ১০ ১০ ১০
৬০

## নিজে করি :

১। 25 × ২ = ☐

২৫ × ২ = ☐

**প্রথম পদ্ধতি**

| | দ | এ |
|---|---|---|
| ☐ | ☐ | ☐ |
| | + ☐ | |

**দ্বিতীয় পদ্ধতি**

| | দ | এ |
|---|---|---|
| | ① | |
| | ২ | ৫ |
| × | | ২ |
| | ৫ | ০ |

২। ☐ × ☐ = ☐

**প্রথম পদ্ধতি**

| | দ | এ |
|---|---|---|
| ☐ | ☐ | ☐ |
| | + ☐ | |

**দ্বিতীয় পদ্ধতি**

| | দ | এ |
|---|---|---|
| | ◯ | |
| | ১ | ৮ |
| × | | ৩ |
| | | |

**শিখন পরামর্শ :** দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দিয়ে গুণ।

## নিজে করি



১। দ এ

| দ | এ |
|---|---|
| ১ | ৭ |
| × | ৩ |

২। দ এ

| দ | এ |
|---|---|
| ১ | ২ |
| × | ৮ |

৩। দ এ

| দ | এ |
|---|---|
| ১ | ৫ |
| × | ৬ |

৪। দ এ

| দ | এ |
|---|---|
| ১ | ৬ |
| × | ৫ |

# নিজে করি



৫। দ এ

 ২ ৯

× ৩

---

---

৬। দ এ

 ২ ৪

× ৩

---

---

৭। দ এ

 ২ ৩

× ৩

---

---

৮। দ এ

 ৩ ৯

× ৩

---

---



# আমার বাড়ির কাছে

বিনয় মজুমদার

আমার বাড়ির কাছে ওই রেলপথ আছে
সারাদিন গাড়ির আওয়াজ
শোনা যায়, দেখা যায় আমার ও জানালায়
গাড়ি দেখি, ভুলে যাই কাজ।

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা কবিতাটি পড়বে ও তারপর **'হাতেকলমে'**র কাজগুলি করবে।

শুনি আমি বসে ঘরে  মাইকে ঘোষণা করে
কোন গাড়ি আসবে কখন।
দুবার ঘোষণা করেকিছুকাল পরে পরে
সেই দিকে চলে যায় মন।
আমি বসে আছি বাড়ি    শিয়ালদহের গাড়ি
ওইখানে আসবে এখন।
এ রূপ ঘোষণা শুনি    আমিও তো কাল গুনি
কখন গাড়িটি ছুটে আসে।
ভেঁপু বাজে শোনা যায়   এসেছে আমার গাঁয়
জানালায় দেখি অনায়াসে
গাড়ির হলুদ রং,   লেখা ফেলে তা বরং
দেখি আমি গাড়িটি চলেছে।
সহজেই বোঝা যায়   যারা যাবে গাড়িটায়
তারা খুব খুশি হয়ে গেছে।

**শব্দার্থ :** গুনি—গণনা করি। গাঁ—গ্রাম। এ রূপ—এইরকম। ভেঁপু—বাঁশি। কাল—সময়।

## হাতেকলমে

১. নীচের প্রশ্নগুলির উত্তর লিখি :

১.১ জানালা দিয়ে কী দেখা যায়?

১.২ মাইকে কীসের ঘোষণা শোনা যায়?

২. স্তম্ভ মেলাও :

| ক | খ |
|---|---|
| কর্ম | শোনা |
| ভ্রম | খুশি |
| আনন্দিত | কাজ |
| শ্রবণ | ভুল |

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা কবিতাটি পড়বে ও তারপর **'হাতেকলমে'**র কাজগুলি করবে।

৩. বিপরীতার্থক শব্দ লিখি :

কাছে ____, যায় ____, আসবে ____, সহজ ____।


৪. বাক্য রচনা করি :

আওয়াজ, মন , জানালা , খুশি।

৫. যে যে যানবাহনে চড়েছি তাদের কথা কয়েকটি বাক্যে লিখি :

তাতে লিখি—যানবাহনের নাম, রং, দেখতে কেমন, কেমন গতিতে চলে, কেমন শব্দ হয়, কোথা থেকে কোথায় যায়, কোথায় গেছি, সঙ্গে কারা ছিল/ছিলেন, কেমন লেগেছে।

## Look at the stars :




## See the numbers. Colour the stars :

| star A | star B |
| --- | --- |
| orange colour — numbers > 4 | blue colour — numbers > 4 |
| blue colour — numbers < 4 | orange colour — numbers < 4 |




**Learning tips :** Students will do the activities. Teacher will encourage the students to participate in the **'Tell the class'** actvity.

- Add the numbers you have coloured in star A.
- Add the numbers you have not coloured in star B.


## Tell the class :

Which bird do you like the most? Why do you like it?


## সমান সংখ্যায় নাড়ু খাই :



আজ আমাদের বাড়িতে আমার দুজন বন্ধু মিতা ও মতিউর এসেছে। মা একটা প্লেটে ৬ টি নাড়ু দিয়ে গেলেন। আমরা তিনজনে সমান ভাগে ভাগ করে নেব।





প্রথমে আমি প্রতি প্লেটে একটা করে নাড়ু রাখব বাকি রইল, ৬ – ৩ = ৩ টি নাড়ু




এবার আমি প্রতি প্লেটে আরও একটি করে নাড়ু রাখব।

মায়ের দেওয়া প্লেটে বাকি রইল ৩ – ৩ = ০ টি নাড়ু




আমরা প্রত্যেক ☐ টি করে নাড়ু পেলাম

**শিখন পরামর্শ :** বিয়োগ করে ভাগের ধারণা।



কীভাবে পেলাম দেখি,


৬
-৩ ১ বার
৩
-৩ ২ বার
০

অর্থাৎ ৬ থেকে ধাপে ধাপে ৩ -কে ২ বার বিয়োগ করা হয়েছে।


তাই, ৬ টি নাড়ু ৩ জনের মধ্যে সমান ভাগে ভাগ করলে প্রত্যেক পাব [ ] টি নাড়ু। ছোটো করে লিখি,

৬ ÷ ৩ = ২ ,বলব **৬ কে ৩ দিয়ে ভাগ করলে ভাগফল ২ পাই।** " ÷ " চিহ্নের নাম ভাগচিহ্ন।

১) ৯ টি তিনকোনা ভাবে কাটা কাগজ নিলাম—



নীচের তিনটি করে কাগজ জুড়ে ফুল বানাই,



একটি কাগজের ফুলে পেলাম ☐ টি পাপড়ি।

কীভাবে পেলাম দেখি

কাগজের ফুল পেলাম

৯ ÷ ৩ = ৩ টি

| | |
|---|---|
| ৯ − ৩ = ৬ → | ৩ বার |
| ৬ − ৩ = ৩ → | ৩ বার |
| ৩ − ৩ = ০ → | ৩ বার |

**শিখন পরামর্শ :** বিয়োগ করে ভাগের ধারণা।


২) ৬ টি মাছের মতো করে কাটা কাগজের টুকরো নিলাম ২টি জারে সমান সংখ্যায় রাখতে হবে।



১ টি জারে ☐ টি মাছ রাখলাম।


প্রত্যেকটি জারে কাগজের মাছ পেলাম

৬ ÷ ২ = ☐ টি।






**শিখন পরামর্শ :** বিয়োগ করে ভাগের ধারণা।




৩) ১২ টি সন্দেশের মতো করে কাটা কাগজের টুকরোকে ৪ টি থালায় সমান ভাগে ভাগ করে রাখি।




১ টি থালায় ☐ টি সন্দেশ রাখলাম।

পেলাম ১২ ÷ ৪ = ☐ টি।

নিজে করি

# ও রোদ্দুর

## শ্রী নির্মলেন্দু গৌতম



ও রোদ্দুর , সোনাবরণ
সাত-সকালে ভাই—
চতুর্দিকে ছড়িয়ে দিলি
সোনালি রোশনাই !
ও রোদ্দুর, চাই যদ্দূর
আকাশ নীলে নীল !
ডাক্ছে পাখি ; ফুলের কুঁড়ি
খুশিতে ঝিল্‌মিল্।
ও রোদ্দুর , ঘাসের বুকে
করিস ঝিকিমিকি !


**শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা উপরের কবিতাটি ছন্দ বজায় রেখে পড়বে।

আয় খুকুভাই রৌদ্রে বসে

হাতের লেখা লেখি !!

**শব্দার্থ :** রোদ্‌দুর—রৌদ্র/রোদ,
সাত-সকালে—খুব সকালে, চতুর্দিকে—চারিদিকে,
রোশনাই—আলোর ছটা।

## হাতেকলমে

### ১। নীচের প্রশ্নগুলির উত্তর লিখি :

১.১ রোদ্‌দুর কখন ওঠে?

১.২ রোদ উঠলে আকাশ কেমন দেখায়?

১.৩ পাখি আর ফুলের কুঁড়ি রোদ উঠলে কী করে?

১.৪ রোদকে কোথায় ‘ঝিকিমিকি’ করতে দেখা যায়?

১.৫ খুকুভাই রোদে বসে কী করবে?

### ২। নীচের শব্দগুলির উপযুক্ত প্রতিশব্দ ঝুড়ি থেকে খুঁজে নিয়ে লিখি।

দীপ্তি, পুষ্প, রৌদ্র, স্বর্ণ

রোদ্দুর —

সোনা —

রোশনাই —

 **শিখন পরামর্শ :** শিক্ষার্থীরা ‘হাতেকলমে’র কাজগুলি করবে।

## ৩। নদীতে ভাসমান একটি নৌকার ছবি আঁকো :

## Listen and say :





### SOME TEDDY BEARS

Some teddy bears are tiny
Some teddy bears are tall,
Some teddy bears are big and round,
And some teddy bears are small.
All teddy bears look happy
No teddy bear looks sad,
All teddy bears are very good,
And No teddy bear is bad.





 **Learning tips :** Teacher will encourage the students to participate in the rhyme.